আজকের কাগজ

তারিখ 28 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ৪

13

# ৪ বছর পর কৃষি বিশ্ববিদ্যালয়ের হলসমূহে ছাত্রলীগের কর্মি সম্মেলন অনুষ্ঠিত

দীর্ঘ ৪ বছর পর বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা) কৃষি বিশ্ববিদ্যালয়ের হলসমূহে কর্মি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গত ৫ থেকে ২২ জুন পর্যন্ত ৯টি হলের কর্মি সম্মেলন অনুষ্ঠিত হয় বলে জানা গেছে। এ ব্যাপারে বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা) বাকৃবি শাখার সভাপতি আবু সাঈদ কামাল বাচ্চু এবং সাধারণ সম্পাদক মিছবাহুজ্জামান চন্দন বলেন, ১৯৯১ সালের ৩১ মে একটি ছোট ঘটনাকে কেন্দ্র করে সরকারি ছাত্র সংগঠন ছাত্রদলের সঙ্গে সংঘর্ষ বাধে এবং বিভিন্ন পর্যায়ে ছাত্রলীগের নেতা কর্মিদের বঞ্চিত করা হয় তাদের রাজনৈতিক অধিকার থেকে। দীর্ঘ ৬ মাস তারা হলে আসতে পারেনি, দখল করে নেয়া হয়েছে তাদের সীট এবং নির্যাতন করা হয়েছে বিভিন্নভাবে। সে সময় সরকারি ছাত্র সংগঠনের হুমকি, সীট কেড়ে নেয়ার ভয়ে ছাত্রলীগ বাকৃবি শাখার কর্মি সমর্থকরা তাদের সঙ্গে কথা বলতে ভয় পেয়েছে। দীর্ঘ ৪ বছর পর হলগুলোতে কর্মি সম্মেলন করার প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে সভাপতি আবু সাঈদ মোঃ কামাল বাচ্চু বলেন, হলগুলোতে সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে ব্যাপক সাড়া পাওয়া গেছে। আসলে দমনপীড়ন এবং সীট কেড়ে নেয়ার হুমকি দিয়ে ছাত্রলীগ কর্মিদের স্তব্ধ করা যায় না। কথা প্রসঙ্গে সাধারণ সম্পাদক মিছবাহুজ্জামান চন্দন বলেন, বাকসু নির্বাচনে প্রশাসন ছাত্রলীগকে ভয় পেয়ে তড়িঘড়ি করে তারিখ ঘোষণা করে এবং তাদের ইচ্ছা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করান। যা প্রশাসনের একটি বিশেষ মহলের প্রতি পক্ষাবলম্বন বলেই সাধারণ ছাত্রদের মনে হয়েছে। তারা আরো বলেন, জুলাই মাসের মধ্যেই প্রতিটি হলের কার্যকরী কমিটি গঠন করে দেয়া হবে। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক।